

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩০১

প্রব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - বসে সালাত আদায়ের বিবরণ

আরবী

وَعَنْ عَائِشَةَ _ رَضِيَ اللَّهُ عَنْهَا _ قَالَتْ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ _ صلى الله عليه وسلم _ يُصلِيِّي مُتَرَبِّعًا. رَوَاهُ النَّسَائِيُّ, وَصَحَّحَهُ ابْنُ خُزَيْمَةَ

صحيح. رواه النسائي (3/ 224)، وابن خزيمة (1238)، وأعله النسائي بقوله: «لا أعلم أحدا روى هذا الحديث غير أبي داود الحفري وهو ثقة، ولا أحسب هذا الحديث إلا خطأ. والله _تعالى_ أعلم». قلت: وليس مع النسائي إلا الظن، وإن الظن لا يغني من الحق شيئا، فيبقى الحديث على صحته، حتى نتيقن من علته. والله أعلم. وصفة التربع: هو جعل باطن القدم اليمنى تحت الفخذ اليسرى، وباطن القدم اليسرى تحت الفخذ اليمنى، ووضع الكفين على الركبتين

বাংলা

৩০১. 'আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে চার জানুর উপর বসে (অসুস্থাবস্থায়) সালাত আদায় করতে দেখেছি। ইবনু খুযাইমাহ একে সহীহ বলেছেন।[1]

ফুটনোট

[1] নাসায়ী ১৬৬১, সহীহ ইবনু খুযাইমাহ ১২৩৮। ইমাম নাসায়ী উক্ত হাদীসটিকে দূর্বল হিসেবে আখ্যায়িত করে বলেন, আবূ দাউদ আল হায়সামী ব্যতীত অন্য কেউ এই হাদীসটি বর্ণনা করেছেন বলে আমার জানা নেই, যদিও তিনি বিশ্বস্ত। আর আমি এই হাদীসটিকে সহীহ মনে করছি না। আর আল্লাহ তায়ালাই ভালো জানেন। প্রকৃতপক্ষে



এটা ইমাম নাসায়ীর ধারণা বৈ কিছু নয়। আর প্রকৃত সত্যের মুকাবালায় অনুমান কোনই কাজে আসে না। তাই হাদীসটি সঠিকতার উপরই বহাল থাকবে যতক্ষণ না এর দূর্বলতার কারণ না জানা যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন